



ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রাজশাহী ৬২০৪, বাংলাদেশ।

স্মারক নং: রুয়েট/জস/৪৬/২০২৩

তারিখঃ ৩০ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ

**সংবাদ বিজ্ঞপ্তি**

## রুয়েটে দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) ইন্সটিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে “আরবান এন্ড রিজিওনাল প্ল্যানিং (ইউআরপি) বিভাগের সেক্ষ এ্যাসেসমেন্ট রিপোর্ট বিষয়ে আলোচনা ও চূড়ান্তকরণ” শীর্ষক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার বিশ্ববিদ্যালয়ের হল রুমে এই প্রশিক্ষণ কর্মশালাটি সকাল থেকে শুরু হয়ে বিকাল পর্যন্ত চলে। দিনব্যাপী অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কর্মশালায় ৩০ জন অংশগ্রহণকারী অংশ নেন।

আজ শনিবার বিকালে বিশ্ববিদ্যালয়ের হলে রুমে এই প্রশিক্ষণ কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. মো. ইমদাদুল হক। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রুয়েটের ইউআরপি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ড. মো. কামরুজ্জামান, বুয়েটের ইউআরপি বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ শাকিল আকতার, রুয়েটের আইকিউএসি অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. শামিম আনোয়ার। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন আইকিউএসি সেকশন অফিসার প্রকৌশলী তাসনুভা হুমায়রা।

রুয়েটের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান সহ ইউআরপি বিভাগের সকল শিক্ষক এই প্রশিক্ষণ কর্মশালায় অংশ নেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে প্রেরিত-

স্বাক্ষরিত/-

সেকশন অফিসার

জনসংযোগ দপ্তর

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়